দৈনিক সংবাদ 020

তারিখ 01 JAN 1988
পৃষ্ঠা 1 কলাম 6

# বিশ্ববিদ্যালয় খুলে দেয়ার প্রশ্নে কাল আলোচনা হবে
## —অধ্যাপক মান্নান

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক আবদুল মান্নান বলেছেন, আগামীকাল ২রা জানুয়ারী অনুষ্ঠেয় বিশ্ববিদ্যালয়ের শিক্ষা পরিবেশ পরিষদের সভায় বিশ্ববিদ্যালয় খুলে দেয়ার ব্যাপারে আলোচনা হবে।

বিশ্ববিদ্যালয় বন্ধ রাখার প্রতিবাদে এবং অবিলম্বে সকল শিক্ষা প্রতিষ্ঠান খুলে দেয়া ও ছাত্র-রাজবন্দীদের মুক্তির দাবীতে কেন্দ্রীয় ২২টি ছাত্র সংগঠন আহূত দেশ-

(শেষ পৃ: ৪-এর ক: দ্র: )

## অধ্যাপক মান্নান

(১ম পাতার পর)

ব্যাপী কর্মসূচীর অংশ হিসেবে ছাত্ররা গতকাল বৃহস্পতিবার উপাচার্যের কাছে গেলে তিনি একথা বলেন।

তার আগে অপরাজেয় বাংলার পাদদেশে পাঠ করা ২২টি ছাত্র সংগঠনের ঘোষণায় বলা হয়, আগামী ৭ই জানুয়ারী দেশব্যাপী জেলা-উপজেলা শিক্ষা অফিসের সামনে এবং কেন্দ্রীয়ভাবে শিক্ষা মন্ত্রণালয়ের সামনে ছাত্ররা শিক্ষা প্রতিষ্ঠান খুলে দেয়া এবং ছাত্র রাজবন্দীদের মুক্তির দাবী জানাবে।

আসাদুজ্জামান রিপনের সভাপতিত্বে অনুষ্ঠিত এই অনুষ্ঠানে বক্তব্য রাখেন শাহাবুদ্দিন, ঘোষণা পড়েন নুর আহমেদ বকুল এবং অনুষ্ঠান পরিচালনা করেন আবদুল্লাহ আল মামুন প্রমুখ ছাত্রনেতা। রাজনৈতিক পরিস্থিতি প্রসঙ্গে বক্তারা বলেন, এই সরকারের অধীনে কোন নির্বাচন ছাত্র সমাজ ও দেশবাসীর কাছে গ্রহণযোগ্য নয়।

গৃহীত অন্যান্য প্রস্তাবে মোস্তফা ফারুক, আবেদ রাজাসহ সকল ছাত্র-রাজবন্দীর মুক্তি এবং দেশের আভ্যন্তরীণ রাজনীতিতে অযাচিতভাবে হস্তক্ষেপ করার দায়ে মার্কিন রাষ্ট্রদূতের বহিষ্কার দাবী করা হয়।